দৈনিক সংবাদ
তারিখ 21 JUN 1995
পৃষ্ঠা 2 কলাম 2

জা'নগর বিশ্ববিদ্যালয়

# ভর্তি পরীক্ষায় ৫৫ জন ভুয়া পরীক্ষার্থী ধরা পড়েছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

চলতি শিক্ষাবর্ষে জা'নগর বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় ভুয়া পরীক্ষার্থীদের হিড়িক পড়েছে। গত ৬ দিনে অনুষ্ঠিত ৩টি অনুষদের ভর্তি পরীক্ষায় মোট ৫৫ জন ভুয়া পরীক্ষার্থী ধরা পড়েছে। এসব ভুয়া পরীক্ষার্থীর প্রায় সবাই ঢাকার কোন কোচিং সেন্টারের সাথে জড়িত এবং বুয়েট, মেডিক্যাল কলেজ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী বলে জানা গেছে।

ভুয়া পরীক্ষার্থীদের ধরার পর তাদের কাছ থেকে লিখিত জবানবন্দি নেয়া হচ্ছে।

জা'নগর ঃ পৃঃ ২ কঃ ৫

জা'নগর ঃ ধরা পড়েছে
(১ম পৃষ্ঠার পর)

তা থেকে এসব তথ্য জানা গেছে।

এসব ভুয়া পরীক্ষার্থী বিভিন্ন কোচিং সেন্টারের ব্যবস্থাপনায় সংঘবদ্ধ হয়ে টাকার বিনিময়ে প্রক্সি দিচ্ছে বলে জানা যায়।

কর্তৃপক্ষীয় সূত্র জানায়, এসব ভুয়া পরীক্ষার্থীর শাস্তিমূলক ব্যবস্থার ব্যাপারে এখনো কোন সিদ্ধান্ত হয়নি। ধরার পর তাদের কাছ থেকে জবানবন্দি নিয়ে তাতে সই করিয়ে কাগজপত্র আটক করে ছেড়ে দেয়া হচ্ছে।

সূত্র জানায়, কর্তৃপক্ষ এসব ভুয়া পরীক্ষার্থী যে সব শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত তাদেরকে চিঠি দিয়ে শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করবেন। একই সাথে গোয়েন্দা সংস্থার কাছেও তাদের নাম-ঠিকানা দিয়ে দেয়া হচ্ছে বলে জানা গেছে।

## প্রশ্নপত্র ফাঁস

'ক' ইউনিটের অধীনে পদার্থ ও গাণিতিক বিজ্ঞান অনুষদে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ সম্পর্কে কর্তৃপক্ষ কোন সিদ্ধান্ত নিতে পারেননি।

গতকাল মঙ্গলবার বেশ কয়েকটি পত্র-পত্রিকায় প্রশ্নপত্র ফাঁসের খবর প্রকাশিত হলে সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও প্রক্টরের উপস্থিতিতে পদার্থ ও গাণিতিক বিজ্ঞান অনুষদের শিক্ষকদের এক বৈঠক বসে। বৈঠকটি কোন সিদ্ধান্ত ছাড়াই শেষ হয়। আগামীকাল বৃহস্পতিবার এ ব্যাপারে আবার বৈঠক বসবে বলে জানা যায়।